গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা
Website: www.lgd.gov.bd

নং-৪৬. ০২১. ০০৪. ০৪. ০০. ০০১. ২০১৪- ২৫৪৭

তারিখঃ ২২-ডিসেম্বর, ২০১৫খ্রিঃ
০৭-পৌষ, ১৪২২ বঙ্গাব্দ

বিষয়ঃ **স্থানীয় সরকার বিভাগের পক্ষে/বিপক্ষে দায়েরকৃত মামলা পরিচালনার জন্য বেসরকারী প্যানেল আইনজীবী হিসেবে নিয়োগপত্র।**

উপর্যুক্ত বিষয়ে আপনার আবেদনের প্রেক্ষিতে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক নিম্নবর্ণিত শর্তাধীনে আপনাকে প্যানেল আইনজীবী হিসেবে নির্দেশক্রমে নিয়োগ প্রদান করা হলোঃ

শর্তাবলীঃ

০১। স্থানীয় সরকার বিভাগের প্যানেল আইজীবী হিসেবে আপনার এই নিয়োগপত্র ইস্যুর তারিখ হতে পরবর্তী ০২(দুই) বছরের জন্য কার্যকর থাকবে। উভয় পক্ষ হতে এক মাসের পূর্ব নোটিশ প্রদান সাপেক্ষে এই নিয়োগ রহিত/বাতিল করা যাবে।

০২। প্যানেল আইনজীবী হিসেবে নিয়োজিত থাকাকালীন আপনাকে কোন প্রকার বেতন-ভাতা বা সম্মাণী দেয়া হবে না।

০৩। স্থানীয় সরকার বিভাগের যে সকল মামলা পরিচালনা অথবা প্রতিদ্বন্দ্বিতা করার জন্য আপনাকে দায়িত্ব প্রদান করা হবে, সে সকল মামলা পরিচালনা এবং আইন সংক্রান্ত অন্যান্য কার্যাবলী সম্পাদনের জন্য আপনাকে সরকার নির্ধারিত হারে আইনগত/পেশাগত ফি প্রদান করা হবে।

০৪। সরকারি স্বার্থে আপনার পরিচালনাধীন মামলাসমুহের দ্রুত নিস্পত্তির লক্ষ্যে কার্যকর ব্যবস্থা গ্রহন করতে আপনি বাধ্য থাকবেন।

০৫। যে কোন মামলা বিচারাধীন থাকাকালে কিংবা যে কোন স্তরে/পর্যায়ে স্থানীয় সরকার বিভাগ আপনার কাছ থেকে যে কোন মামলা ফেরত নিয়ে অন্য কোন আইনজীবীর নিকট হস্তান্তর করতে পারবে এবং আপনি উক্ত মামলার কাগজপত্র/দলিলাদি/অনাপত্তি পত্র বিনা কৈফিয়তে হস্তান্তর করতে বাধ্য থাকবেন।

০৬। স্থানীয় সরকার বিভাগের আইনজীবী দ্বারা পরিচালিত যে কোন মামলা যে কোন পর্যায়ে থাকা অবস্থায় আপনার নিকট হস্তান্তর করলে আপনি তা গ্রহণ করতে বাধ্য থাকবেন।

০৭। স্থানীয় সরকার বিভাগের প্যানেলভুক্ত থাকাকালীন আপনি এ বিভাগের মামলা সংক্রান্ত কোন বিষয়ে স্থানীয় সরকার বিভাগের প্রতিপক্ষকে কোনরূপ মতামত প্রদান কিংবা এ বিভাগের বিরুদ্ধে কোন আদালতে মামলা পরিচালনা কিংবা স্থানীয় সরকার বিভাগের বিপক্ষকে সমর্থন করতে পারবেন না।

০৮। স্থানীয় সরকার বিভাগের সার্বিক তত্ত্বাবধানে থেকে স্থানীয় সরকার বিভাগ সংশ্লিষ্ট কার্যালয়ের মামলা ও আইন সংক্রান্ত যাবতীয় কার্যাবলী স্থানীয় সরকার বিভাগের চাহিদা মোতাবেক সম্পাদন করতে হবে। আইনগত দায়িত্ব পালনের ক্ষেত্রে আপনার আন্তরিকতার অভাবে/ভুল ত্রুটির কারণে সরকার কোনরূপ ক্ষতির সন্মুখীন হলে কর্তৃপক্ষের নিকট আপনাকে জবাবদিহি করতে হবে এবং উদ্ভুত যাবতীয় ক্ষয়-ক্ষতির জন্য আপনি দায়ি থাকবেন।

০৯। আপনাকে প্রদত্ত সকল মামলার তারিখ ও অবস্থা স্থানীয় সরকার বিভাগের আইন-১ অধিশাখাকে যথাসময়ে অবহিত করতে হবে। তাছাড়া আপনার চেম্বার/বাসার ডাক যোগাযোগের ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর পরিবর্তন হলে অবিলম্বে তা স্থানীয় সরকার বিভাগকে অবহিত করতে হবে।

১০। আপনার কোন ভুল-ভ্রান্তি/অসদাচরণের কারণে সরকারের স্বার্থ ক্ষুন্ন হলে তার দায়-দায়িত্ব আপনার উপর বর্তাবে।

১১। আপনার পরিচালনাধীন সকল মামলার আদালতের ধার্য তারিখের কার্যক্রম একটি রেজিষ্টারে লিপিবদ্ধ করতে হবে।

১২। আপনার নিকট প্রদত্ত সকল মামলার সর্বশেষ অবস্থাসহ হালনাগাদ বিবরণী সচিব, স্থানীয় সরকার বিভাগ এর নিকট প্রতি ০৩(তিন) মাস অন্তর দাখিল করতে হবে। এ ছাড়া কর্তৃপক্ষের প্রয়োজনে যে কোন সময় উক্তরূপ মামলার অবস্থা/বিবরণী প্রদান করতে হবে।

১৩। মামলা সংক্রান্ত যাবতীয় কার্যক্রম স্থানীয় সরকার বিভাগের আইন-১ অধিশাখাকে প্রতিনিয়ত অবহিত করতে হবে (টেলিফোন নম্বর-৯৫৪০৯৯৫)।

উপরোক্ত শর্তাধীনে সম্মত থাকলে পত্র প্রাপ্তির ০৩(তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/-(তিনশত) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে উল্লিখিত ১৩টি শর্ত লিপিবদ্ধ করতে হবে এবং সংযুক্ত নিয়োগপত্র/সম্মতিপত্র পূরণপূর্বক সচিব, স্থানীয় সরকার বিভাগ বরাবরে দাখিল করতে হবে।

সংযুক্তঃ বর্ণনামতে ০১(এক) ফর্দ।

২২.১২.১৫
(মোঃ ঈশান আলী রাজা বাঙালী)
উপসচিব
☎৯৫৪০৯৯৫।

চলমান পাতা-২/১

প্রাপক ঃ

ক্রমিক	নাম ও ঠিকানা
০১।	জনাব এসকে. শফিক মাহমুদ পুস্প, পিতা-এসকে. রবিউল ইসলাম, মাতা-হামিদা ইসলাম, স্থায়ী ঠিকানা-বাড়ী নং-৪, রোড নং-১৬/৬, গ্রাম-মুন্সিপাড়া, ডাকঘর-সাতক্ষীরা, থানা-সাতক্ষীরা সদর, জেলা-সাতক্ষীরা। বর্তমান ঠিকানা-আব্দুর রব চৌধুরী এন্ড এসোসিয়েটস, কক্ষ নং-৩১৫, সুপ্রীম কোর্ট বার এসোসিয়েশন, চেম্বারঃ এসকে. শফিক মাহমুদ এন্ড এসোসিয়েটস, কক্ষ নং-৪৪২(এনেক্স), সুপ্রীম কোর্ট, ঢাকা। চেম্বার-১৪ এস, মেহেরবা প্লাজা (১৫ তলা), ৩৩, তোপখানা রোড, ঢাকা।
০২।	জনাব সুজিত কুমার ভৌমিক, পিতা-মৃত জগদীশ চন্দ্র ভৌমিক, গ্রাম ও ডাকঘর-চকমিরপুর, থানা-দৌলতপুর, জেলা-মানিকগঞ্জ। বর্তমান ঠিকানাঃ ঢাকায় স্থায়ীভাবে বসবাসরত। ৮৯/৩/২, ধলপুর মজুমদার ভিলা, সুতি খালপাড়, ফ্ল্যাট নং ৫বি, যাত্রাবাড়ী, ঢাকা-১২০৪। যোগাযোগের ঠিকানাঃ প্রশাসনিক ট্রাইব্যুনাল আইনজীবী সমিতি, ১৪, আব্দুল গণি রোড, ঢাকা।
০৩।	জনাব স্বপন কুমার আইচ, পিতার নাম-সুধীর রঞ্জন আইচ, স্থায়ী ঠিকানাঃ গ্রাম-দাউদপুর, ডাকঘর-উদয়কাঠি, থানা ও জেলা-পিরোজপুর। বর্তমান ঠিকানাঃ কক্ষ নং-১৪/২, ইষ্টার্ণ ম্যানসন, ৬৭/৯, পাইওনিয়ার রোড, কাকরাইল, ঢাকা।
০৪।	জনাব এম. এ সালাউদ্দিন ইস্কান্দার (কিং), পিতা-মরহুম ডাঃ এম. এ সালাউদ্দিন ইস্কান্দার, মাতা-ডাঃ নিলুফা ইসলাম, স্থায়ী ঠিকানাঃ বাড়ী নং-১৩৭, জন ভবন, জনতা রোড চৌরাস্তা, রায়েরবাগ, মাতুয়াইল, যাত্রাবাড়ী, ঢাকা। বর্তমান ঠিকানাঃ ২০নং রাজার দেউরি, কোর্টকাচারী, কোতয়ালী, ঢাকা-১১০০।
০৫।	জনাব মোঃ আব্দুস সামাদ, পিতা-জনাব মোঃ রমজান আলী প্রামানিক, বর্তমান ঠিকানাঃ এন-৫, ১৮২, ফ্ল্যাট প্রজেক্ট, ব্লক-বি, লালমাটিয়া, মোহাম্মদপুর, ঢাকা। স্থায়ী ঠিকানাঃ গ্রাম-ভদ্রকোল, ডাকঘর-পঞ্চক্রোশী, থানা-উল্লাপাড়া, জেলা-সিরাজগঞ্জ।
০৬।	জনাব মোঃ আশরাফুল আলম, এডভোকেট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, বর্তমান ঠিকানাঃ ২/২১, বেইলী গেজেটেড অফিসার্স কোয়ার্টার, নিউ বেইলী রোড, ঢাকা। চেম্বারঃ স্যুট নং-২/৭১(২য় তলা), ২৭/১১/২, তোপখানা রোড, সেগুনবাগিচা, ঢাকা।
০৭।	ব্যারিষ্টার বিপ্লব বড়ুয়া, পিতা-এডভোকেট সুনীল কান্তি বড়ুয়া, মাতা-অমিয় প্রভা বড়ুয়া, চেম্বারঃ আশরাফ উদ্দিন এন্ড এসোসিয়েটস, মডার্ণ ম্যানসন (৬ষ্ঠ তলা), ৫৩, মতিঝিল বা/এ, ঢাকা।
০৮।	ব্যারিষ্টার ফারজানা বেগম, স্বামী-সাইফুদ্দিন মাহমুদ, মাতা-মিনারা বেগম, টৌটাল বর্ণালী, ফ্ল্যাট নং-বি-৩, ২/২/এফ, ময়মনসিংহ রোড, শাহবাগ, ঢাকা। গ্রাম ও ডাকঘর-মাতুয়াইল, জেলা-ঢাকা।
০৯।	ব্যারিষ্টার কাজী মইনুল হাসান, পিতা-কাজী মোশারফ হোসেন, মাতা-মিনারা বেগম, গ্রাম ও ডাকঘর-পাংশো, উপজেলা-বাবুগঞ্জ, জেলা-বরিশাল। বর্তমান ঠিকানাঃ এপার্টমেন্ট নং-বি-৬ (৭ম তলা) ২৪১, নিউ এলিফ্যান্ট রোড, ঢাকা-১২০৫।
১০।	এ্যাডভোকেট শেখ মুশফিক কবীর, পিতা-শেখ কবির হোসেন, মাতা-মিসেস মাসুদা কবির, ৫৮/২, লেক সার্কাস, কলাবাগান, নর্থ ধানমন্ডি, ঢাকা।

২২-ডিসেম্বর, ২০১৫খ্রিঃ

নং-৪৬. ০২১. ০০৪. ০৪. ০০. ০০১. ২০১৪-২৮৪৭/৭(২৭) তারিখঃ ----------------------------

০৮-পৌষ, ১৪২২ বঙ্গাব্দ

সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

০১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০২। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৩। অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৪। অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন/নগর উন্নয়ন/পাস), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৫। যুগ্মসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৬। মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য);
০৭। উপসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৮। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
০৯। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, ৮৩/বি, মৌচাক টাওয়ার, মালিবাগ, ঢাকা;
১০। হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১১। সহকারী কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

২২.১২.১৫

(মোঃ ঈশান আলী রাজা বাঙালী)
উপসচিব

বরাবর
সচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয়ঃ স্থানীয় সরকার বিভাগে প্যানেল আইনজীবী হিসেবে নিয়োগের প্রেক্ষিতে যোগদানপত্র/সম্মতিপত্র।

মহোদয়,

স্থানীয় সরকার বিভাগে প্যানেল আইনজীবী হিসেবে নিয়োগ প্রাপ্তির লক্ষ্যে আমার আবেদনের প্রেক্ষিতে স্থানীয় সরকার বিভাগের গত ২২-১২-২০১৫খ্রিঃ তারিখের নিয়োগপত্র নং-৪৬.০২০.০০৪.০০.০০১-২০১৪-২৫৪১ এর শর্তাবলী আমার নিকট গ্রহনযোগ্য হওয়ায় আমি এ নিয়োগ আনন্দের সাথে গ্রহন করলাম এবং প্রয়োজনীয় আইন সংক্রান্ত বিষয়ে আমার উপর অর্পিত দায়িত্ব নিয়োগপত্রের শর্ত ও বিধিবদ্ধ নিয়ম মোতাবেক যথাযথভাবে প্রতিপালন করার অঙ্গীকার ব্যক্ত করছি।

সংযুক্তিঃ ৩০০/- টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে অঙ্গীকারনামা।

(আপনার বিশ্বস্ত),

(স্বাক্ষর---------------------------)
সীল---------------------------

ঠিকানাঃ

চেম্বারের ঠিকানা (টেলিফোন ও মোবাইল নম্বরসহ)

--।

বাসার ঠিকানা (টেলিফোন ও মোবাইল নম্বরসহ)

--।